গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া
(সাধারণ শাখা)
Web : www.kushtia.gov.bd

বিষয়: মহান বিজয় দিবস, ২০১৮ উদযাপন উপলক্ষ্যে জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	মো: আসলাম হোসেন জেলা প্রশাসক, কুষ্টিয়া।
স্থান	:	জেলা প্রশাসক, কুষ্টিয়ার সম্মেলন কক্ষ
তারিখ	:	১৮ নভেম্বর, ২০১৮ সময় : সকাল ১১.৩০ মিনিট
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট-`ক.

সভাপতি সভার শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা ও বঙ্গবন্ধু পরিবারের শহীদ সদস্যবর্গ মহান মুক্তিযুদ্ধে আত্নদানকারী সকল শহীদ মুক্তিযোদ্ধা ও নির্যাতিত মা বোনদের প্রতি শ্রদ্ধ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আরো বলেন, জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য নেতৃত্বের কারণে আমরা লাল সবুজের পতাকা পেয়েছি। অখন্ড বাংলাদেশে স্বাধীনভাবে বসবাস করছি। তিনি নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানানোর জন্য আহবান জানান। তিনি আসন্ন মহান বিজয় দিবস, ২০১৮ যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু, সুন্দর ও উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি উদ্‌যাপনের নিমিত্ত উপস্থিত বিভিন্ন দপ্তরের প্রধান,জনপ্রতিনিধি,বীর মুক্তিযোদ্ধা রাজনৈতিক নেতৃবৃন্দ এবং উপস্থিত সুধীবৃন্দের সুচিন্তিত মতামত আহবান করেন। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মহান বিজয় দিবস, ২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে গত ১৪/০৮/২০১৮ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। অত:পর এ জেলায় মহান বিজয় দিবস, ২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের উদ্দেশ্যে কর্মসূচি নির্ধারণের লক্ষ্যে উপস্থিত সদস্যবৃন্দ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

০১। জনাব নাসির উদ্দিন মৃধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা বলেন, মহান বিজয় দিবস উপলক্ষ্যে কুষ্টিয়া স্টেডিয়ামে মুক্তিযোদ্ধাদের বসার জন্য যে জায়গা নির্ধারণ করা হয় সেখানে সকল মুক্তিযোদ্ধাদের স্থান সংকুলান হয় না। সেকারণে তিনি মুক্তিযোদ্ধাদের বসার জন্য পর্যাপ্ত জায়গা রাখার অনুরোধ করেন।

০২। জনাব আব্দুল বারী জোয়ার্দ্দার, সভাপতি গণতন্ত্রী পাটি বলেন, বিজয় দিবসের আলোচনা সভায় বীর মুক্তিযোদ্ধাদের সামনের সারিতে বসার চেয়ার রাখার দাবী করেন।

০৩। জনাব মীর জাহিদ, সহকারী শিক্ষক,কুষ্টিয়া জিলা স্কুল কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভে বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযোদ্ধা সন্তানদের পক্ষ হতে সিনিয়র সিটিজেন উন্মুক্ত রঙ তুলিতে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রদর্শনী করার অনুরোধ করেন।

০৪। জনাব খোরশেদ আলম, বীর মুক্তিযোদ্ধা কুষ্টিয়া সদর উপজেলার গোপালপুর শহীদ খোরশেদ আলম এর মাজার সংরক্ষণের অনুরোধ করেন।

০৫। জনাব মো: হাসান আলী, বীর মুক্তিযোদ্ধা মহান বিজয় দিবস উপলক্ষ্যে কুষ্টিয়া এন.এস রোডের দোকানগুলোতে যারা জাতীয় পতাকা উত্তোলন করে না তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। মুক্তিযুদ্ধের ৪৭ বছর পর যে সকল মুক্তিযোদ্ধারা বেঁচে আছেন অথচ তাদের নিজস্ব কোন ঘর বাড়ি নেই তাদের জমি/বাড়ি প্রদানের দাবী জানান।এছাড়া প্রবীন বীর মুক্তিযোদ্ধাদের প্রতি যথাযথ সম্মান দেখানোর অনুরোধ করেন।

০৬। জনাব সাহানা আক্তার চৌধুরী,সাধারণ সম্পাদক,বাংলাদেশ লাঠিয়াল বাহিনী মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে লাঠি খেলা আয়োজনের অনুরোধ করেন।

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে মহান বিজয় দিবস-২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সকল সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি/ব্যক্তিমালিকানাধীন ভবন/ব্যবসা প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সূর্যোদয়ের সাথে সাথে দৃশ্যমান উঁচু স্থানসমূহে সঠিক মাপ ও রং নতুন জাতীয় পতাকা যথাযখভাবে উত্তোলন করতে হবে। পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকার মাপ, রং এবং ব্যবহার সংক্রান্ত বিষয়ে জেলার সর্বত্র তথ্য অফিসের মাধ্যমে প্রচার করতে হবে। জেলা ও উপজেলা পর্যায়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের বিজয় দিবসের অনুষ্ঠানে ছাত্র/ছাত্রীদের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে ধারণা দিতে হবে। কুষ্টিয়া সদর উপজেলায় যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদান করা হবে। গোপালপুর শহীদ খোরশেদ আলম এর মাজার সংস্কারের উদ্যোগ গ্রহণ করতে হবে। বিজয় ফুল প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্রীদের নিয়ে কুষ্টিয়া স্টেডিয়ামে শুদ্ধসূরে জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে। জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে সকল অনুষ্ঠানমালা সাজাতে হবে এবং সভায় উপস্থিত সকলকে বিজয় দিবসের অনুষ্ঠানে উপস্থিত থাকতে হবে।

২

বিস্তারিত আলোচনার পর সভায় উপস্থিত সভাসদবৃন্দের সুচিন্তিত মতামতের ভিত্তিতে জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে বিগত বছরগুলোর ন্যায় কুষ্টিয়া জেলায় মহান বিজয় দিবস, ২০১৮ উদ্‌যাপনের লক্ষ্যে আগামী ১১, ১৪, ১৫ ও ১৬ ডিসেম্বর, ২০১৮ তারিখ ৪(চার) দিনব্যাপী নিম্নবর্ণিত বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

১১ ডিসেম্বর,২০১৮ (কুষ্টিয়া মুক্ত দিবস)

ক্রমিক	কর্মসূচি	সময়	স্থান	বাস্তবায়নে
(ক)	কুষ্টিয়া মুক্ত দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পণ	সকাল ৯:০০ ঘটিকা	কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভ কুষ্টিয়া কালেক্টরেট চত্বর	জেলা প্রশাসন, পুলিশ বিভাগ ও সকল বীর মুক্তিযোদ্ধা
(খ)	কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভে জাতীয় পতাকা উত্তোলন	সকাল ৯:১৫ ঘটিকা	-ঐ-	-ঐ-
(গ)	র‍্যালি ও আলোচনা অনুষ্ঠান	সকাল ১০:০০ ঘটিকা	কুষ্টিয়া কালেক্টরেট চত্বরের কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভে	জেলা প্রশাসন/জেলা শিক্ষা অফিস/জেলা প্রাথমিক শিক্ষা অফিস/ জেলা সিনিয়র তথ্য অফিসার এবং সকল বীর মুক্তিযোদ্ধা
(ঘ)	শিক্ষার্থীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন (জেলা তথ্য অফিসের সহায়তায়)	বিকাল ৪.০০ ঘটিকা	কুষ্টিয়া পাবলিক লাইব্রেরি	জেলা সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়া

১৪ ডিসেম্বর, ২০১৮ (শহীদ বুদ্ধিজীবী দিবস)

ক্রমিক	কর্মসূচি	সময়	স্থান	বাস্তবায়নে
(ক)	শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে কুষ্টিয়া শহীদ স্মৃতিস্তম্ভে শ্রদ্ধাঞ্জলি ও আলোচনা	সকাল ৯:০০ ঘটিকা	কেন্দ্রীয় শহীদ স্মৃতিস্তম্ভ কুষ্টিয়া কালেক্টরেট চত্বর	জেলা প্রশাসন, জেলা শিক্ষা অফিস/জেলা প্রাথমিক শিক্ষা অফিস/ জেলা সিনিয়র তথ্য অফিসার এবং সকল বীর মুক্তিযোদ্ধা
(খ)	কবিতা আবৃত্তি, সংগীত ও রচনা প্রতিযোগিতা	সকাল ১০:০০ ঘটিকা	জেলা শিশু একাডেমি মিলনায়তন, কুষ্টিয়া।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, কুষ্টিয়া

১৫ ডিসেম্বর, ২০১৮

ক্রমিক	কর্মসূচি	সময়	স্থান	বাস্তবায়নে
(ক)	রাইফেল শ্যুটিং প্রতিযোগিতা	সকাল ১০:০০ ঘটিকা	কুষ্টিয়া রাইফেলস্ ক্লাব	সাধারণ সম্পাদক, কুষ্টিয়া রাইফেলস্ ক্লাব
(খ)	বিজয় দিবসের উপর শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা	সকাল ১০:০০ ঘটিকা	শিশু একাডেমি মিলনায়তন কুষ্টিয়া	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, কুষ্টিয়া
(গ)	জেলা স্কাউটস এর উদ্যোগে বর্ণাঢ্য র‍্যালি	বিকাল ৩:০০ ঘটিকা	কুষ্টিয়া জিলা স্কুল হতে কুষ্টিয়া স্টেডিয়াম পর্যন্ত	সাধারণ সম্পাদক, জেলা স্কাউটস, কুষ্টিয়া
(ঘ)	সরকারি, আধাসরকারি, বেসরকারি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও শহরের প্রধান প্রধান ভবনে আলোকসজ্জা	১৫ ডিসেম্বর, ২০১৮ সন্ধ্যা ৫:১৫ ঘটিকা হতে ১৬ ডিসেম্বর, ২০১৮ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত	স্ব স্ব প্রতিষ্ঠান/ ভবন	আলোকসজ্জা উপ-কমিটি এবং স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান ও ভবন মালিকগণ
(ঙ)	মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন	সন্ধ্যা ৬:০০ ঘটিকা	কেন্দ্রীয় শহীদ স্মৃতিস্তম্ভে, কুষ্টিয়া কালেক্টরেট চত্বর	জেলা সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়া

১৬ ডিসেম্বর, ২০১৮ (মহান বিজয় দিবস)

ক্রমিক	কর্মসূচি	সময়	স্থান	বাস্তবায়নে
(ক)	সূর্যোদয়ের সাথে সাথে (প্রত্যূষে) জেলা ও উপজেলায় ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসটির শুভ সূচনা	সকাল ৬.৪০ ঘটিকা	কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভ কুষ্টিয়া কালেক্টরেট চত্বর	তোপধ্বনি উপ-কমিটি
(খ)	স্কুল, কলেজ, মাদ্রাসাসহ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে যথাযথভাবে জাতীয় পতাকা উত্তোলন।	সূর্যোদয়ের সাথে সাথে	সংশ্লিষ্ট ভবনসমূহ	জাতীয় পতাকা উত্তোলন পর্যবেক্ষণ উপ-কমিটি এবং স্ব স্ব ভবন মালিক/ প্রতিষ্ঠান প্রধান
(গ)	জেলা প্রশাসক এবং পুলিশ সুপারের উপস্থিতিতে শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি সম্মান প্রদর্শনপূর্বক কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভ	সকাল ৬.৪৫ ঘটিকা	কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভ কুষ্টিয়া কালেক্টরেট	সংশ্লিষ্ট উপ-কমিটি

ক্রমিক	কর্মসূচি	সময়	স্থান	বাস্তবায়নে
	পুষ্পমাল্য অর্পণ ও ফাতেহা পাঠ।		চত্বর	
(ঘ)	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও ফাতেহা পাঠ	সকাল ৬.৫৫ ঘটিকা	বঙ্গবন্ধুর ম্যুরাল মজমপুর গেট,কুষ্টিয়া	ঐ
(ঙ)	কুষ্টিয়া পৌর কবরস্থানে বীর মুক্তিযোদ্ধাদের কবরে শ্রদ্ধাঞ্জলি অর্পন ও ফাতেয়া পাঠ।	সকাল ৭.১০ ঘটিকা	কুষ্টিয়া পৌর কবর স্থান	ঐ
(চ)	কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার ও বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি সম্মান প্রদর্শনপূর্বক দূর্বাচারায় শহীদ মুক্তিযোদ্ধাদের কবরে পুষ্পমাল্য অর্পণ, ফাতেহা পাঠ ও সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান।	সকাল ৮.০০ ঘটিকা	দূর্বাচারা শহীদ মুক্তিযোদ্ধাদের কবরস্থান	উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া ও বীর মুক্তিযোদ্ধাবৃন্দ
(ছ)	কুষ্টিয়া স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, কোরআন তেলাওয়াত, দাঁড়িয়ে একমিনিট নীরবতা পালন ও শহীদদের বিদেহী আত্মার শান্তি কামনায় মোনাজাত। বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান এবং ক্রেস্ট প্রদান, পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কারারক্ষী স্কুল কলেজ মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, রোভার স্কাউট, স্কাউট, গার্লস-ইন-স্কাউটিং, গার্লস গাইড, সরকারি শিশু সদনসহ অন্যান্য শিশু-কিশোর সংগঠন, বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠান কর্তৃক কুচকাওয়াজ/শরীর চর্চা প্রদর্শনী এবং পুরস্কার বিতরণ।	সকাল ৮.৩০ ঘটিকা	কুষ্টিয়া স্টেডিয়াম	মাঠসজ্জা, সম্মিলিত প্যারেড ও কুচকাওয়াজ উপ-কমিটি
(জ)	শুদ্ধসূরে জাতীয় সঙ্গীত পরিবেশেন (বিজয় ফুল প্রতিযোগিতায় ১ম স্থান অর্জনকারী দল)	সকাল ৮.৩০ ঘটিকা	কুষ্টিয়া স্টেডিয়াম	জেলা কালচারাল অফিসার কুষ্টিয়া
(ঝ)	বাই সাইকেলে জাতীয় পতাকাসহ র‍্যালি	সকাল ৮.৪৫ ঘটিকা	কুষ্টিয়া পৌর এলাকা প্রদক্ষিণ	সমন্বয়ক প্রধান শিক্ষক কুষ্টিয়া জিলা স্কুল,কুষ্টিয়া।
(ঞ)	বিত্তিপাড়া বধ্যভূমিতে শ্রদ্ধাঞ্জলি ও পুষ্পমাল্য অর্পণ	সকাল ৯.০০ ঘটিকা	বিত্তিপাড়া বধ্যভূমি	উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া ও বীর মুক্তিযোদ্ধাবৃন্দ
(ট)	পিয়ারপুর শহীদ মুক্তিযোদ্ধাদের কবরে শ্রদ্ধাঞ্জলি ও পুষ্পমাল্য অর্পণ	সকাল ১০.০০ ঘটিকা	শহীদদের কবর সংলগ্ন স্মৃতিসম্ভ, পিয়ারপুর	ঐ
(ঠ)	আড়পাড়া রাধানগর গ্রামে শহীদ মুক্তিযোদ্ধাদের কবরে শ্রদ্ধাঞ্জলি ও পুষ্পমাল্য অর্পণ	সকাল ১০.৩০ ঘটিকা	আড়পাড়া রাধানগর শহীদ মুক্তিযোদ্ধাদের কবর	উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, ও সদর উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড
(ড)	মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী (শুধুমাত্র স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য)	সকাল ১১.৩০ ঘটিকা	বনানী সিনেমা হল	প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী উপ-কমিটি
(ঢ)	কুষ্টিয়া সদর উপজেলার শহীদ মুক্তিযোদ্ধা পরিবার ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান	দুপুর ১২.০০ ঘটিকা	কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ চত্বর	শহীদ মুক্তিযোদ্ধা পরিবার ও মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা উপ-কমিটি
(ণ)	বাদ যোহর/সুবিধামত সময়ে সকল মসজিদে জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে মোনাজাত এবং সকল মন্দির, গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে প্রার্থনা ।	সুবিধামত সময়ে	ধর্মীয় উপাসনালয় সমূহ	মিলাদ মাহফিল ও অন্যান্য ধর্মীয় অনুষ্ঠান পালন উপ-কমিটি
(ত)	হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, শিশু পরিবার (বালক/বালিকা)/প্রতিবন্ধী এবং সমন্বিত অন্ধশিক্ষা পল্লীসমূহে উন্নত মানের খাবার পরিবেশন	দুপুরে	স্ব স্ব প্রতিষ্ঠান	উন্নতমানের খাবার পরিবেশন পর্যবেক্ষণ উপ-কমিটি ও স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ
(থ)	মহিলাদের জন্য খেলাধূলা ও পুরস্কার বিতরণ	বিকেল ৩.০০ ঘটিকা	সরকারি বালিকা বিদ্যালয়, কুষ্টিয়া	মহিলাদের খেলাধুলা উপ-কমিটি